দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 06 NOV 1988
পৃষ্ঠা 12 কলাম 1

20

060

# ৯০ সাল নাগাদ ৭০ ভাগ শিশুকে বিদ্যালয়ে আনা হইবে

## —শিক্ষামন্ত্রী

শিক্ষা এবং সেচ, পানি উন্নয়ন ও বন্যা নিয়ন্ত্রণ মন্ত্রী ব্যারিষ্টার আনিসুল ইসলাম মাহমুদ বলেন, সরকার দ্বিতীয় প্রাথমিক শিক্ষা প্রকল্পের আওতায় আগামী '৯০ সালের মধ্যে শতকরা সত্তর ভাগ

( ১১শ পৃঃ দ্রঃ )

## শিক্ষামন্ত্রী

(শেষ পৃঃ পর)

শিশুকে বিদ্যালয়ে আনিতে এবং পাঁচ বছর বিদ্যালয়ে ধরিয়া রাখার পরিকল্পনা গ্রহণ করিয়াছে।

মন্ত্রী গতকাল শিক্ষা মন্ত্রণালয় ও ইউনেস্কোর যৌথ উদ্যোগে আয়োজিত "প্রতিকূল পরিবেশে বসবাসকারী জনগোষ্ঠীর জন্য সার্বজনীন প্রাথমিক শিক্ষা" শীর্ষক এক কর্মশিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দিতেছিলেন।

শিক্ষামন্ত্রী বলেন, সকলের জন্য শিক্ষার সুযোগ সৃষ্টির কাজে প্রথমেই প্রতিকূল অবস্থার শিকার শিশুদের জন্য পর্যাপ্ত সুযোগ-সুবিধার ব্যবস্থা করিতে হইবে।

মন্ত্রী প্রতিকূল পরিবেশের শিশুদের মধ্যে শিক্ষার প্রসার এবং শিক্ষার গুণগত মান বৃদ্ধির প্রয়োজনে বাস্তব পদক্ষেপ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আবেদন জানান। শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব নুরুদ্দিন আল মাসুদ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। —তথ্য বিবরণী।